রাড্ডা ক্লিনিকে হামলার পর শাহ আলী থানার ওসি প্রত্যাহার



ছবি: সংগৃহীত

রাজধানীর মিরপুর-১-এর রাড্ডা ক্লিনিকে হামলা, ভাঙচুর ও লুটপাটের ঘটনার পর শাহ আলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জাহাঙ্গীর আলমকে প্রত্যাহার করা হয়েছে। রোববার সকালে এ তথ্য জানা গেছে।

এ ঘটনায় শাহ আলী থানা পুলিশ চারজনকে গ্রেপ্তার করেছে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন মো. সোহেল (২২), মো. জুয়েল (২৩), জিহাদ হাসান (২১) ও মো. রাব্বি (২০)।

পুলিশের তথ্য অনুযায়ী, গ্রেপ্তার চারজনের মধ্যে তিনজন শাহ আলী মাজার এলাকায় ভাসমান অবস্থায় থাকতেন। অর্থের বিনিময়ে তারা ক্লিনিকে ভাঙচুরে অংশ নিয়েছেন বলে জানা গেছে।

গভীর রাতে রাড্ডা এমসিএইচ-এফপি সেন্টারে হামলা চালিয়ে ভাঙচুর ও লুটপাটের ঘটনা ঘটে। একটি স্বাস্থ্যসেবা প্রতিষ্ঠানে রাতের বেলায় এ ধরনের হামলার ঘটনায় সামাজিক যোগাযোগমাধ্যমেও নানা আলোচনা ও সমালোচনা হচ্ছে।

প্রতিষ্ঠানের কর্মী, মামলার এজাহার ও স্থানীয়দের সঙ্গে কথা বলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী প্রাথমিকভাবে ঘটনাটিকে জমি দখলসংক্রান্ত বিরোধের সঙ্গে সম্পৃক্ত বলে মনে করছে। তবে হামলার পেছনে কারা ছিল এবং কীভাবে রাতের মধ্যে প্রতিষ্ঠানটি ভাঙচুর করা হলো, তা খতিয়ে দেখছে পুলিশ।

এদিকে কয়েক ঘণ্টা ধরে হামলা, ভাঙচুর ও লুটপাট চললেও পুলিশ কেন সময়মতো ব্যবস্থা নেয়নি, তা নিয়েও প্রশ্ন উঠেছে। পুলিশের দায়িত্বে অবহেলার অভিযোগ তদন্তে তিন সদস্যের কমিটি গঠন করা হয়েছে বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার।